লোহাগাড়ায় ইয়াবাসহ বাসযাত্রী গ্রেপ্তার

এলনিউজ২৪ডটকম: লোহাগাড়ায় ৩ হাজার পিস ইয়াবাসহ মো. ইব্রাহিম
(৩৫) নামে এক বাসযাত্রীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বুধবার (১৩ জানুয়ারি) রাতে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের চুনতি ফরেস্ট রেঞ্জ কর্মকর্তার কার্যালয়ের সামনে থেকে তাকে গ্রেপ্তার করা হয়। তিনি বরগুনা সদর থানার নলীমাইঠা এলাকার মৃত আবদুল মজিদ হাওলাদারের পুত্র।

লোহাগাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাকের হোসাইন মাহমুদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে একটি দূরপাল্লার বাসে তল্লাশী করা হয়। এ সময় ইব্রাহিমের কাছ থেকে ৩ হাজার পিস ইয়াবা পাওয়া যায়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়। বৃহস্পতিবার সকালে তাকে আদালতে সোপর্দ করা হয়েছে।